অথ নিত্যানন্দ সভার পুস্তক

শকাব্দঃ ১৭৬৪ সন ১২৪৯ সাল।
ফাল্গুণস্য ২৭ দিবস গুরুবার

এই পুস্তকের মূল্য কোং [illegible] আনা মাত্র
যাহার এই পুস্তক লইতে মানস হইবে
তিনি শ্রীচৈতন্য চরণ অধিকারির
বহুবাজারের [illegible] উক্ত মূল্য
প্রেরণ করিলে পাইতে
পারিবেন ইতি।

শুদ্ধিপত্র ।

পত্রাঙ্ক	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২	১১	সম্মিনষ্ট	সম্মিলিষ্ট
	১৩	বুধগণ	বিবুধগণ
৮	১৫	মভে	মতে
	২৫	যেহেতক	যেহেতুক
১০	৭	নিয়ম	নিয়মে
১৬	৮	যাইকেব	যাইবেক
২০	১৩	আশির্ব্বাদ	আশীর্ব্বাদ
	১৫	মম্মলাচরণ	মঙ্গলাচরণ
	২৪	শ্রীবদ্ধি	শ্রীবৃদ্ধি
২১	৭	যদাদি	যদ্যাপি
	১৭	করণার্থে	করণার্থে
২৩	১৩	সভায়	সভায়

অথ নিত্যানন্দ সভার মঙ্গলাচরণ।

শ্রীশ্রীগুরু অভীষ্ট দেব শ্রীচরণে নিষ্ঠান্তঃকরণে সর্ব্বাভীষ্ট সিদ্ধি কামনায় অষ্টাঙ্গ প্রণিপাৎ পূর্ব্বক অতি যত্নে মনো ভীষ্ট সাধনে এবং অনিষ্ট নিবারণে প্রবর্ত্ত হইলাম।

অথ নিত্যানন্দ সভার অনুষ্ঠান।

এই কলিকাতা রাজধানীতে নানা প্রকার সভা সংস্থা পন হওয়াতে জনপদের পরম হিত জনক হইয়াছে, এবং হইতেছে, তদ্বিশেষ ধর্ম্মসভা, তাহার মর্ম্ম, মাস্মাসিক কোন নির্দ্ধারিত এক দিবস সভার সম্পাদক কর্তৃক সমূহ সভ্য অতি মান্য ধন্য বদান্য বুধাগ্রগণ্য পুণ্যবান্ ধনিগণ আহূত হইয়া ধর্ম্ম সংস্থাপন জন্য, এবং স্বদেশের উপকারার্থে নানা প্রকার অর্থ ব্যয়াদি দ্বারা যত্ন করিয়া থাকেন, এবং তদ্দ্বারা এতদ্দেশের অনেক উপকার হইয়াছে, এবং হই-তেছে, ইহা অবশ্যই অনেকেই স্বীকার করিবেন। দ্বিতীয় ব্রহ্ম সভা, এসভা প্রতি সপ্তাহে বুধবার যামিনী যোগে আলোকাদি দ্বারা অতি সুসজ্জীভূতা হইলে পর, অনেক ধনী মান্য বিজ্ঞবর রসিক ধার্ম্মিকগণ অধিষ্ঠিত হইয়া ব্রাহ্মণপণ্ডিতাদি দ্বারা বেদার্থাদি পাঠ শ্রবণানন্তর অতি

উত্তম যে২ গায়ক নিযুক্ত আছেন, তাঁহারা ব্রহ্মবিষয়ক অতি উত্তম চিত্ত হরণ সুমধুর স্বরে যন্ত্রাদি সহিত সম্মিলিত হইয়া গান বাদ্যাদি করেন, তাহা শ্রবণানন্তর সকলে আনন্দিত মনে স্ব২ ভবনে গমন করিয়া পরম সুখে কাল যাপন করেন, কিন্তু আমারদিগের খেদের বিষয় এই যে ঐ সকল সভা নিত্যা নহে, এবং ঐহিক পারত্রিকের বিষয় বিশেষ কিছুই এমত নির্দ্দিষ্ট নাই যে তদ্দারা আপামর সাধারণের মনোরঞ্জনীয়া হইতে পারে, এই সকল কারণে আমরা অত্যন্ত দুঃখী হইয়া আপামর সাধারণের ঐহিক এবং পারত্রিক আনন্দ জননার্থে উভয় পক্ষ সম্মিনষ্ট বিষয় নির্দ্দিষ্ট করিয়া নিত্য আনন্দ নিমিত্ত নিত্যানন্দ সভা সংজ্ঞক এক সভা সংস্থাপনে কেবল সাহসকে নির্ভর করিয়া এ অতি অসম সাহসিক কর্ম্ম সাধনে উদযোগী হইলাম, অতএব সকল সাহসী উৎসাহ বিশিষ্ট বিশিষ্ট শিষ্ট গরিষ্ঠ ইষ্ট নিষ্ঠা পরায়ণ ধর্ম্মিষ্ঠ ধনি জন, এবং বিবিধ বুধগণ, তথা নব্য ভব্য সভ্য সুরসিক সমূহ সমীপে অতি বিনতি পূর্ব্বক নিবেদন, মহাশয়রা অনুগ্রহ করিয়া আমারদিগের এই সমৃদ্ধি সাহসের উৎসাহ বৃদ্ধি করিয়া সিদ্ধি করণে যৎ কিঞ্চিৎ ঋদ্ধি অর্থাৎ ধন ব্যয় করিতে বোধ করি কোন মতে কৃপণতা করিবেন না, অতএব নিত্যানন্দ সভার তাবদ্বৃত্তান্ত লিখিত এই যে পুস্তক অর্থাৎ বহী প্রকাশ করা গেল, ইহা সকলের নিকট পাঠ নিমিত্ত প্রেরণ করা যাইবেক, কিন্তু এই পুস্তক যে দিবস যে মহাশয়ের নিকট পাঠার্থে পাঠন যাইবেক তিনি এই পুস্তক প্রাপ্ত হইলেন ইহা স্বীকার স্মরণার্থে

অন্য যে এক স্বাক্ষর নিমিত্ত পত্রিকা অর্থাৎ রসীদ বহী এই পুস্তক এবং পত্রবাহকের সমভি ব্যাহারে থাকিবেক, তাহাতে অনুগ্রহ করিয়া যথার্থ আপন ২ নাম ধাম এবং দিবস সম্বলিত স্বাক্ষর করিবেন, তৎপরে ১০ দশ দিবস যে সাবকাশ কাল উক্ত পুস্তক পাঠার্থে দেওয়া গেল, সেই কালাতীত পর দিবসেই পুনশ্চ সভার সভ্যত্বে নির্দ্দিষ্ট বরণ হইলেন, এমত এক পত্রিকা অর্থাৎ সবস্ক্রিপ সিয়ান বহী পাঠান যাইবেক, তাহাতে যদ্যপি এই সভার সভ্য অর্থাৎ সবস্ক্রাইবর হয়েন এমত মানস থাকে, তবে তাহাতে বিশেষ বিবেচনা করিয়া ইহার নিয়মে বদ্ধ হইয়া স্বাক্ষর করিবেন, এবং এই পুস্তকের ব্যয়ানুকুল্য নির্দ্ধারিত মূল্য কোম্পানির ।০ চারি আনা মাত্র, অতএব ইহা এই লোকের নিকট হইতে বিল লইয়া অনুগ্রহ করিয়া দিবেন, এবং যে কোন মহাশয় এই সভার তাবৎ বৃত্তান্ত পাঠ করিয়া উক্ত নিত্যানন্দ সভার সভ্য হওনে অনিচ্ছা করিবেন, তবে এই নিয়মিত পাঠার্থ নির্দ্ধারিত যে কাল তাহা অতীত হইলে পর স্বাক্ষর নিমিত্ত যে সবস্ক্রিপসিয়ান বহী তাঁহারদিগের নিকট পাঠান যাইবেক, তাহাতে পুস্তক ফিরিয়া পাঠাইলেন, এমত স্বাক্ষর করিয়া উক্ত পুস্তক তৎক্ষণাৎ ফিরিয়া পাঠাইবেন, তাহা সম্পাদক অবশ্য ফিরিয়া লইবেন, অথবা যে কোন মহাশয় স্বয়ং লোক দ্বারা ঐ সভার সম্পাদকের নিকট উক্ত পুস্তক ফিরিয়া পাঠাইবেন, সম্পাদক তাহা অবশ্য ফিরিয়া লইবেন, তাহাতে কোন মতে অসম্মত হইতেপারিবেন না, এবং পুস্তকের মূল্যাদি কিছুই যাচঞা করিবেন না ইতি।

অথ নিত্যানন্দ সভার সূচনা।

এই নিত্যানন্দ সভা সংস্থাপনের মুখ্যাভিপ্রায় এই, যে আমারদিগের এতদ্দেশে হিন্দু বন্ধুবর্গের ঐহিকে অতুল ধন থাকিতেও নিতান্ত অধীন ক্ষীণ দীনের ন্যায় রাত্রি দিন কাটাইতেছেন, অর্থাৎ এক প্রকার পরাধীনতায় অতি দীন হীনের ন্যায় প্রতি দিন বিষয় চিন্তানলে এক কালে সকলে দগ্ধ হইয়া কাল যাপন করিতেছেন, তাহা যাহা হউক, কিন্তু রজনীতে স্বাধীন হইয়াও যে প্রকার পরাধী-নের ন্যায় অশেষ বিশেষ ক্লেশে কাল হরণ করিতেছেন, তদ্বিশেষ লেখনে লেখনী কোন মতেই সম্মতি পূর্ব্বক সমর্থা হয়েন না, তবে বহু অনুনয় বিনয় পূর্ব্বক তাঁহাকে ধারণ করিয়া তাহার যথার্থ যৎকিঞ্চিৎ মর্ম্ম লিখিতেছি মনে করি অনুগ্রহ করিয়া ইহা পাঠ করণে মহাশয়রা বিরক্ত হইবেন না, তদ্বৃত্তান্ত এই, প্রথমতঃ কেহ২ সন্ধ্যার পর নিজালয়ে অথবা বেশ্যালয়ে বিস্তা, দশ পঁচিশ পাশা কদাচিৎ সতরঞ্চ ইত্যাদি মিথ্যা খেলায় মিথ্যা কাল যাপন করিয়া থাকেন, দ্বিতীয় কেহ২ পণ রাখিয়া অর্থাৎ যাহাকে জুয়া খেলা বলিয়া থাকে, সেই খেলায় আমোদিত হইয়া অনেকের সর্ব্বস্বান্ত হইতেছে, এবং তাহাতে হাতে২ অসত কর্ম্মের বিপরীত ফল মধ্যে২ রাজ দূতাদি দ্বারা ধৃত হইয়া কারা বন্ধাদি নানাবিধ ক্লেশ পাইয়াও থাকেন, পুনশ্চ মুক্ত হইয়া আবার ঐ নিন্দ নীয় অথচ ভয়ানক যে কর্ম্ম তাহাতে প্রবর্ত্ত হইয়া স্বচ্ছন্দে কাল যাপন করিতেছেন, এবং কতক গুলিন সামান্য

ব্যক্তি তাঁহারা অশেষ প্রকার মাদকাদি দ্রব্য পান করিয়া মত্ত হইয়া অতি নিদারুণ দুষ্কর্ম্ম অর্থাৎ মারামারি, কলহ, চুরি, এবং হত্যা প্রভৃতি অত্যাচার সর্ব্বদাই প্রচার করিয়া থাকেন (সুতরাং এবম্প্রকার অহিতাচার ব্যবহার যাঁহারা করিতে পারেন তাঁহারদিগের সামান্য বাক্য প্রয়োগে ভদ্র সমাঝে অবশ্যই হানি বিরহ) তাঁহারা এই প্রকারে কাল রাত্রিযোগে কালের ন্যায় ইহকাল পরকাল একেবারে ভুলিয়া স্বচ্ছন্দে কাল কাটাইতেছেন, কিন্তু ধর্ম্মের প্রভাবে কাহার কাল পরিপূর্ণ হইলে ইহকালে রাজাদ্বারা বিলক্ষণ শাস্তি প্রাপ্ত হইতেছেন, পরে পরকালে যাহা হইবেক তাহা সেই কালরূপী ধর্ম্মই জানেন, তৃতীয় কোন২ মহাশয়রা বেশ্যালয়ে অথবা নিজালয়ে, কিম্বা কোন বান্ধবালয়ে গান বাদ্যাদি দ্বারা আপন ২ মনকে সন্তুষ্ট রাখিয়া থাকেন, কিন্তু ইহাও এক্ষণে প্রায় লোপ হইয়াছে, ইত্যাদি ভিন্ন আমারদিগের যে প্রাচীন রীতি দশ জন বন্ধুবান্ধবাদি লইয়া একত্র পুরাণ ইতিহাসাদি শ্রবণ করিয়া পরম সুখে কাল যাপন করা, ইহা কেবল লেখা মাত্র সার যেহেতুক এবম্প্রকার অন্বেষণ করিয়া পাওয়া অতি ভার, কিন্তু আমারদিগের দেশের এই সকল দূরবস্থা ঘটনার বিশেষ কারণ এই, যে আমারদিগের সাধারণের কোন একটা আমোদের স্থান না থাকা ইহা অবশ্যই অনেকেই স্বীকার করিবেন, এবং ইহা না থাকাতে যেখানে সেখানে অনেক ভদ্রব্যক্তি এবং আপামর সাধারণ প্রায় সকলেই আক্ষেপ করিয়া থাকেন ইহা সর্ব্বদাই শুনিতে পাই, কিন্তু কাল প্রযুক্ত এমনি হইয়া উঠিয়াছে, যে আমোদের স্থান

দূরে থাকুক, হায় ২ কি খেদের বিষয়, আমারদিগের এমত একটা সাধারণের পরামর্শ করিবার নিমিত্ত নিরূপিত স্থান নাই যে তথায় দশ জন স্বদেশীয় একত্র সম্মিলিত হইয়া স্বদেশের কোন বিশেষ উপকারার্থ রাজার নিকট তাহার সবিশেষ আবেদন করণের কোন হিতাহিত পরামর্শ করেন, কিন্তু বিবেচনা করিয়া দেখ বিষয়ী সকলেরি পক্ষে ইহা অতি প্রয়োজনীয়, এবং কখন ২ গুরুতর এমন কোন দেশের অশুভ বিষয় উপস্থিত হইয়া থাকে, যে তাহা জানিয়া শুনিয়াও এবং তাহা নিবারণের উপায় থাকিতেও সকলে এমনি সাহস হীন হইয়াছেন, যে তাহাতে কোন উদ্যোগ না করিয়া কেবল নীরবেই থাকেন, এবং এই কথা মাত্র সকলেই কহিয়া থাকেন যে কপাল ছাড়া পথ নাই, অতএব কপালে যাহা আছে তাহাই হইবেক, ইহা যথার্থ, কিন্তু বিবেচনা করিয়া দেখ, একথাকে নীতিশাস্ত্রে অতিশয় নিন্দা করিয়া গিয়াছেন, অতএব এবম্প্রকার দুরবস্থা হওনের প্রধান কারণ শুদ্ধ উপরের লিখিত মত সাধারণের পরামর্শের কোন একটা স্থান না থাকা, যদ্যপি এমত কোনস্থান থাকিত তবে তাহার হিতাহিত বিবেচনা করিয়া অবশ্যই তাহার সুধারা অথবা নিবারণের জন্য অনেকেই সম্যক্ প্রকারে উদ্যোগী হইতে পারিতেন, এবং তাহা হইলেও অবশ্যই তাহার কোন সুফল ফলিত, কিন্তু এমন সকল বিষয় উপস্থিত হইলে পর এক ব্যক্তি কদাচ তাহাতে সাহসী হইতে পারেন না, এবং তাহা হইলেও সে অভিপ্রায় প্রায় কোন মতে সিদ্ধ হইতে পারে না,

ইত্যাদি কারণে আমারদিগের এদেশের নানা দুরবস্থা ক্রমশো ঘটিতেছে, এবং না জানি দিনে২ আরো কত কি ঘটিবে,অতএব এই সকল কারণে মনে অত্যন্ত দুঃখী হইয়া অতি যত্নে এই নিত্যানন্দ সভা সংস্থাপনে এতাদৃশ যত্ন করিতেছি. অতএব পরমেশ্বরের ইচ্ছায় ইহা একবার সংস্থাপন হইলে সকলের মনের অজ্ঞান তিমির নাশ হইয়া জ্ঞানরূপী সূর্য্যোদয় হইবেক, এবং তদ্দারা অনায়াসে সর্ব্বাভীষ্ট সিদ্ধিহইতে পারিবেক, এবং স্বদেশের যে কতমতে কত উপকার হইবে তাহা বিজ্ঞ মহাশয়রা বিবেচনা করিবেন. এক্ষণে তার আর অধিক কি লিখিব, অতএব আমারদিগের এ মানস সিদ্ধি হইলে ক্রমে২ সকলের বিশেষ উপলব্ধি হইবেক, যদ্যপি ইহাতে কোন মহাশয় এমত উক্তি করেন যে এ অতি আশ্চর্য্য কথা কহিলে, কারণ সাধারণের পরামর্শের নিমিত্ত এমন উত্তম টৌনহালাদিখ্যাত স্থান সকল রহিয়াছে তথায় সর্ব্বদাই নানা বিষয় ঘটিত পরামর্শ ও বিবেচনা হইয়া থাকে, ইহা কি নিত্যানন্দ সভারসম্পাদক কিছুই জ্ঞাত নহেন, উত্তর ইহা যথার্থ বটে, কিন্তু সে স্থানে যে সময়ে যে কোন বিষয় ঘটিত কোন পরামর্শ হয়, সে সময়ে তৎস্থানে আমারদিগের দেশস্থ অতি অল্প সংখ্যক লোক মাত্র যাইতে ক্ষমতাপন্ন হয়েন, এবং ভিন্ন দেশীয় অধিকাংশ একত্র হয়েন, তাহাতে প্রায় সর্ব্বদাই তাঁহারা কর্ত্তা হইয়া কর্ত্তৃত্ব করিয়া থাকেন, সুতরাং তন্নিমিত্ত বিবেচনার মতামতের পক্ষে আমারদিগের দেশস্থ লোক সংখ্যার অল্পতা হয় এবং ভিন্ন দেশীয় অধিকাংশ হয়, অতএব সেমতে যদ্যপি

ও দেশীয় লোকের মনে অমত বোধ হয়, তথাপি সুতরাং সেই কথাতেই গাত্র ঢালিয়া দিতে হয়, অতএব ইহা স্বীকার কে না করিবেন, হায় ২ কি খেদের বিষয়, তাহা যাহা হউক, কিন্তু আমারদিগের এ নিত্যানন্দ সভাসুদ্ধ, স্বদেশীয় এবং হিন্দু ধর্ম্ম সংক্রান্ত ব্যক্তি দিগের নিমিত্ত, অতএব ভিন্ন দেশীয় এবং ভিন্ন ধর্ম্ম পথাবলম্বী কোন ব্যক্তি এ নিত্যানন্দ সভার সভ্য হইতে পারিবেন না, তবে কৌতুকাদি দর্শনে যাঁহার ইচ্ছা হইবেক, তিনি যে দিবসে যেমত নিয়মে কৌতুকাদির ব্যয় বিবেচনা মতে যে মূল্য নির্দ্ধার্য্য করা যাইবেক, অর্থাৎ নির্দ্ধারিত কোন মূল্যে টিকিট করিয়া বিক্রয় করা যাইবেক, সেই মূল্য প্রদান করিলে পর তাঁহারদিগের নিমিত্ত নিরূপিত বিশেষ যে সকল স্থান থাকিবেক তথায় অতি সমাদর পূর্ব্বক অনায়াসে উপবেশন করিয়া স্বচ্ছন্দে কৌতুকাদি দর্শন করিতে পারিবেন, তাহাতে কোন মতে নিষেধ নাই, দ্বিতীয় যদ্যপি এমত কোন মহাশয় কহেন, যে কেন আপামর সাধারণের আমোদের নিমিত্ত এমন অতি উত্তম স্থান চৌরঙ্গীর থিয়েটর অর্থাৎ কৌতুকালয় রহিয়াছে এবং তথায় নানা প্রকার চমৎকর কৌতুকাদি হইয়া থাকে ইহাকে না জানেন, তাহা অর্থ ব্যয় করিলে সকলে অনায়াসে গমন করিয়া কৌতুকাদি দর্শন করিতে পারেন উত্তর, ইহা অতি যথার্থ, কিন্তু তাহাতে আপামর সাধারণের পক্ষে অনেক প্রতিবন্ধক আছে, প্রথমতঃ তাহা নিত্য নহে, দ্বিতীয় সে সভার নিয়ম এবং রীতি আপামর সাধারণের পক্ষে অতি ভয়ানক, যেহেতক তাহা শুদ্ধ এক দিবস

দেখিতে গেলে, ৬ ছয় মুদ্রা এবং ৩ তিন মুদ্রা এই নিয়মে মূল্য প্রদান করিতে হয়, এবং তাহাতে তাঁহারদিগের কোন কর্ত্তৃত্ব বা ক্ষমতা তাহা কিছুই থাকে না, সুতরাং ইহাতে আপামর সাধারণের পক্ষে কি প্রকারে সম্ভব হইতে পারে, এবং সে স্থানে যে সকল প্রকার নৃত্য গীত ও কৌতুকাদি হইয়া থাকে, সে সকল অস্মদ্দেশীয় ব্যক্তি সকলে কোন মতে বুঝিতে সমর্থ হইতে পারেন না, তবে অনেকের অনেক অর্থ আছে তাহা কেবল অনর্থক ব্যয় করেন মাত্র, ইহাতে তদ্দ্বারা ঐহিকের যে সুখ তাহা এই পর্য্যন্ত সীমা, এবং পারত্রিকের বিষয় তাহাতে কিছু মাত্র উল্লেখ নাই, তবে যে কৌতুকাদি দর্শন কালে কেহ২ খেদের সময় খেদ করিয়া থাকেন, এবং হাস্যের সময় হাহা শব্দে কর তালী দিয়া হাসিয়া উঠেন, সে কেবল আমারদিগের যেমত একটা সামান্য কথা আছে, যথা দেখাদেখি [illegible]র হাসি, ইহাও সেই প্রকার মাত্র, পুনশ্চ সে স্থানে গমন করা অতি উত্তম পরিচ্ছদ অর্থাৎ পোশাক এবং যান বাহনাদি দ্বারা গমন অতি আব শ্যক করে, নচেৎ ভাল দেখায় না, সুতরাং ইত্যাদি নানা কারণে উক্ত আমোদের স্থানকে কোন মতেই আপামর সাধারণের নিমিত্ত কহিতে পারিলাম না, কিন্তু বিবেচনা করিয়া দেখ আমারদিগের এ নিত্যানন্দ সভার নিয়ম এবং রীতি ও ব্যয় অতি সুলভ অর্থাৎ দিন প্রতি চারি পয়সা, এবং আট পয়সা, এই দুই প্রকার মাত্র, তাহা এই পুস্তকে নিত্যানন্দ সভার রীতি ও নিয়মাদি দৃষ্টি করিলেই বিশেষ অবগত হইতে পারিবেন, অতএব

সকলে বিবেচনা করিয়া দেখ চৌরঙ্গীর থিয়েটরের বায়া নুকুল্য মূল্যের সহিত আমারদিগের এ সভার কত অংশে লাঘব হইল তাহা সকলে বিবেচনা করিবেন, এবং এ সভায় নিত্য নূতন কৌতুকাদি যে কত মত উত্তম ২ প্রকারে করা যাইবেক, তাহা এক্ষণে আমারদিগের মনেই আছে, তবে তাহার যৎকিঞ্চিৎ তাৎপর্য্য মাত্র আপাততঃ সকলের মনোরঞ্জন নিমিত্ত এখন এই সভার নিয়ম প্রকাশ করা গেল, পরে আমারদিগের এ অভিলাষ পরিপূর্ণ এবং উক্ত নিত্যানন্দ সভ্য সংস্থাপন হইলে পরে ক্রমে ২ সকল বিষয় সম্যক্ প্রকারে প্রকাশ পাইবে, তাহা হইলে সকলে এককালে নিত্য আনন্দ সাগরে নিমগ্ন হইয়া তাহা হইতে কোন মতে উঠিতে মানস করিতে পারিবেন না, আরো এমন কহিতে পারি যদ্যপি আমারদিগের এ আশা পরিপূর্ণা হয়, তবে এতদ্দেশে যে সকল গর্হিত কর্ম্ম অর্থাৎ চুরি হত্যা ও জুয়াখেলাদি যাহা প্রায় সর্ব্বদাই হইয়া থাকে, মনে করি এ সকলের ক্রমে ২ অনেক হ্রাস হইতে পারিবেক, এবং অনেকেই অনায়াসে সুসভ্য হইবেন, ইহাতে সন্দেহ মাত্র নাই, কিন্তু আমারদিগের মনে অতিশয় এই এক ভয় এবং সন্দেহ আছে, যথা, শ্রেয়াংসি বহু বিঘ্নানি, ইত্যাদি তবে একটা এই বড় সাহস আছে তাহাতেই এমন অসম সাহসিক কর্ম্মে প্রবর্ত্ত হইতেছি, যদ্যপি ও অতি ব্যয় বাহুল্য এবং অধিক মুদ্রা সংগ্রহ না হইলে এ সমৃদ্ধি কর্ম্ম কোন প্রকারে সমাধা হইতে পারে না কিন্তু ইহাতে কএকটা এই প্রসিদ্ধ সামান্য কথা আছে যথা, রাই কুড়িয়ে বেল, এবং দশের লাটী একের বোঝা,

ইহার আরো একটা প্রসিদ্ধ জন শ্রুতি এই আছে অতি বিখ্যাত প্রাচীন প্রধান রাজধানী যে গুজরাট্ নগর তথায় এমনি :সকলের ঐক্য আছে, যে কোন লোকের অথবা তদ্দেশের কোন উপকার করণার্থে অর্থের আবশ্যক হইলেপর সকলে প্রত্যেকে এক টাকা করিয়া ব্যয়ানুকুল্য করেন তাহাতে লক্ষ টাকা সংগ্রহ হইয়া অনায়াসে নানা বিধ দেশের উপকার হয়, অতএব ইহা সকলে বিবেচনা করিয়া দেখ তাহাতে কেহই নিঃস্ব অর্থাৎ দরিদ্র হয়েন না কিন্তু আমারদিগের এ কলিকাতা রাজধানী ও সামান্য নহে, তবে সকলের ঐক্য নাই এই অতি দুঃখের বিষয়, তাহা যাহা হউক এক্ষণে আমরা এই সকল কথায় এবং সাহসে নির্ভর করিয়া এ মহোদ্যোগে প্রবর্ত্ত হইলাম, কিন্তু আমারদিগের মনে আরো একটা মহত্ ভরসা এই আছে, যদ্যপিও এ কলিকাতা নগর পূর্ব্বাপেক্ষা এক্ষণে অতি অবসন্ন হইয়াছে বটে, কিন্তু তথাপি বোধ করি এমন সামন্য দর্ভাগ্য ব্যক্তি কেহ এখানে নাই, যে এমত অতি সুলভ নিয়মে বদ্ধ না হইয়া এবম্প্রকার কৌতুকাদি দর্শন করিতেবিরত থাকিবেন, এবং এই ছলে সকলের পারমার্থিকের বিষয় যে কত মতে কত লভ্য জনক হইবে তাহাও ক্রমে২ দিনে২ প্রকাশ পাইবে, অতএব ইহাতে আপামর সাধারণ ব্যক্তি কেহই অসম্মত না হইয়া বোধ করি বরং সকলেই উত্সাহ বিশিষ্ট হইবেন এবং আমারদিগের এই নিত্যানন্দ সভাকে চির স্থায়িনী এবং তাহার শোভা বৃদ্ধি করণে অবশ্যই যত্নবান হইবেন, কিমধিক নিবেদন মিতি।

অথ নিত্যানন্দ সভার রীতি ও নিয়ম।

১ প্রকরণ।

এই নিত্যানন্দ সভা কলিকাতা নগরে সকল সভ্যাদিগের সুআয়ত্ত মত কোন সাধারণ এক অতি উত্তম স্থানে সংস্থাপন হইবেক, এবং আমারদিগের মনের এমন মানস যে এই সভায় অনায়াসে পিতা পুত্রে একত্র বসিয়া সকলে কৌতুকাদি দেখিতে সমর্থ হইবেন, কারণ তাহাতে এমত কোন মন্দ কৌতুকাদি হইবেক না যে তাহা দর্শনে কাহাকেও লজ্জিত হইতে হয়।

---

২ প্রকরণ।

এই সভায় অবশ্যই অত্যন্ত জনতা হওনের সম্ভাবনা, অতএব তাহাতে যদ্যপি দৈবায়ত্ত কোন বিবাদাদি উপস্থিত হয়, অথবা উক্ত জনতা শমনার্থ কারণ পুলিষের আজ্ঞানুসারে তথাকার লোক নিত্য নিযুক্ত থাকিবেক, এবং তাহারদিগের বেতন সভার সংগৃহীত মুদ্রা হইতে দেওয়া যাইবেক।

---

৩ প্রকরণ।

এই সভার সভ্য দিগের উপবেশন নিমিত্ত দুই রীতিতে অতি উত্তম স্থান নির্নীত হইবেক, এবং এই সকল ব্যক্তি দিগের সহিত ভিন্ন জাতীয়ের কোন সংস্পর্শ থাকিবেক না, তাহার মাসিক মূল্য প্রধান রীতির কোং ৪ চারি মুদ্রা দ্বিতীয় রীতির কোং ২ দুই মুদ্রা মাত্র নির্দ্ধার্য্য করা গেল।

৪ প্রকরণ।

প্রথমত সভার শোভার কারণ বহু সংখ্যক মুদ্রার নানাবিধ প্রকার দ্রব্যাদি অবশ্যই প্রয়োজন করিবেক, তন্নিমিত্ত সভ্য সকলের নিকট হইতে প্রথম একবার রীত্যনুসারে ঐ উপরের লিখিত তৃতীয় প্রকরণের নির্দ্ধারিত মূল্যানুযায়িক মুদ্রা যাচঞা করিয়া লওয়া যাইবেক, তাহা একবার মাত্র সকলে অনুগ্রহ পূর্ব্বক দিবেন কিন্তু সেই সকল দ্রব্যের উপর ঐ সকল সভ্যের সম্যক্ প্রকারে স্বত্ব থাকিবেক, তাহাতে অন্যের কোন স্বত্ব নাই যদ্যপি ইহাতে এই সভার কোন সভ্য কিছু দিন এই সভার কৌতুকাদি দর্শন করিয়া পুনশ্চ আর তাহা দেখনে অনিচ্ছা প্রকাশ করেন এমত হয়, তবে উচিত হইবেক পত্রের দ্বারা তাঁহার অভিপ্রায় সভার সম্পাদককে জানান, সম্পাদক বিনা কোন আপত্তি তাঁহার নাম তৎক্ষণাৎ সভার সভ্য হইতে বহিষ্কৃত করিবেন, এবং ঐ সভার শোভার নিমিত্ত সভা স্থাপনের অগ্রে যে মুদ্রা তাঁহার নিকট হইতে যাচঞা করিয়া লইয়াছেন তাহা অবিলম্বে ফিরিয়া দিবেন, যদ্যপি এমত প্রার্থনা করেন, ইহাতে কোন মতে কোন আপত্তি করিতে পারিবেন না।

---

৫ প্রকরণ।

সভার মুদ্রা আদায়ের নিয়ম এই প্রকার হইবেক, প্রথমতঃ সভা সংস্থাপনের ব্যয়ানুকূল্য নিমিত্ত প্রথম এক মাসের মূল্য সভ্যদিগের নিকট হইতে সভারম্ভের অগ্রে

লওয়া যাইবেক, পরে দ্বিতীয় মাসে মাসের প্রথম দিব সেই রীত্যনুসারে মূল্য আদায় কারণ লিপি অর্থাৎ বিল পাঠান যাইবেক; তাহাতে সম্পাদকের স্বাক্ষর থাকিবেক, তাহা সকলে অনুগ্রহ করিয়া কিঞ্চিৎ২ শীঘ্র প্রদান করিলে আমারদিগের এ সাহস এবং উৎসাহ দিন ২ বৃদ্ধি হইবেক, এবং সভা শোভা বিশিষ্টা হইয়া দীর্ঘ জীবিনীহইতে পারিবেক, কিন্তু ইহা দেওনের নিমিত্ত উর্দ্ধ সংখ্যা ১৫ পোনেরো দিন নির্দ্ধারিত রহিল, ইহার মধ্যে সকলে অনুগ্রহ করিয়া দিবেন, কিন্তু এ অতিরেক নিয়ম অতিক্রম করিয়া যদ্যপি কোন মহাশয় টালাটালি করেন, তবে সুতরাং তাঁহার নাম নিত্যানন্দ সভার সভ্য হইতে বহিষ্কৃত করা যাইবেক, ইহাতে তিনি সম্পাদককে ক্ষমা করিবেন, এবং তৎপরিবর্ত্তে সেই নম্বর যদ্যপি অন্য কোন নূতন ব্যক্তি লওনে ইচ্ছা করেন, তবে তাঁহাকে অবশ্য তাহা দেওয়া যাইবেক।

---

৬ প্রকরণ।

যদ্যপি প্রথমতঃ আমারদিগের অনুমেয়মত ব্যয়ানুকূল্য মুদ্রা সংগ্রহ না হইয়া উঠে এমত হয়, তবে সুতরাং এ নিত্যানন্দ সভা সংস্থাপনে নিরাশ্বাস হইয়া এবং যাঁহারদিগের নিকট হইতে সভারম্ভের পূর্ব্বে মুদ্রা লওয়া গিয়াছে সেই সকল মুদ্রা তাঁহারদিগের নিকট অবিলম্বে বিনা কোন আপত্ত্যে তাহা ফিরিয়া পাঠাইয়া দেওয়া যাইবেক।

---

৭ প্রকরণ।

এই নিত্যানন্দ সভা নিত্য সন্ধ্যার পর অতি উত্তম উজ্জ্বল আলোকাদি দ্বারা সুশোভিতা হইয়া রাত্রি ১১ এগারো ঘটিকা পর্য্যন্ত গান বাদ্য ও নানা প্রকার কৌতুকাদি হইবেক।

---

৮ প্রকরণ।

কোন২ শনিবার অথবা কোন২ পার্ব্বণের রাত্রিতে এই সভায় সমস্ত রাত্রি আমোদ ও কৌতুকাদি হইবেক, কিন্তু সেই২ দিবসের রাত্রিযোগে বিশেষ যে২ প্রকার অতি উত্তম গান বাদ্য এবং কৌতুকাদি হইবে, তাহার তাবদ্বৃত্তান্ত সম্বলিত সকল সভ্য দিগকে পূর্ব্বে লিপ্যাদি দ্বারা জানান যাইবেক, এবং প্রকাশ্য সংবাদ পত্রে প্রকাশ দ্বারা আপামর সাধারণ সকলকে বিশেষ প্রকারে জ্ঞাপন করা যাইবেক।

---

৯ প্রকরণ।

এই সভার সভ্যদিগকে নিত্যানন্দ সভার সভ্য এবং তাহাতে রীত্যনুযায়িক নম্বর অর্থাৎ সংখ্যা এতৎপ্রকার এক২ খানি ক্ষুদ্রাকার কোন বস্তুর খোদিত করিয়া দেওয়া যাইবেক, তাহাতে সভার সম্পাদক কর্ত্তৃক যে লোক সভার দ্বারে থাকিবেক, তাঁহাকে দেখাইবা মাত্র অতি সমাদর পূর্ব্বক সভার ভিতরে তাঁহাকে রীত্যনুসারে নিরূপিত স্থানে বসাইবেন, কিন্তু যে নামে যিনি সভ্য হইবেন, তিনি ভিন্ন অন্য কেহ ঐ টিকিট লইয়া আমার

দিগের এ কৌতুকাদি দর্শনে সমর্থ হইবেন না, যেহেতুক তাহা হইলে এক টিকিটের দ্বারা ক্রমশঃ অনেকে এ কৌতুকাদি দর্শন করিতে সমর্থ হইলে, সুতরাং তাহাতে অনেকের উৎসাহের ন্যূনতা হইবেক, এবং আমারদিগের এ সভার গৌরবের হানি হওনের সম্ভাবনা, যদ্যপি কোন সভ্য মহাশয় উক্ত খোদিতবস্তু অর্থাৎ টিকিট তাহা কোন প্রকারে কেহ হারাইয়া ফেলেন এমত হয়, তবে তাহা সম্পাদককে জানাইলে পুনশ্চ উক্ত মত দেওয়া যাইবেক, কিন্তু তাহা দ্বিতীয়বার দেওয়া গেল এমত কোন বিশেষ চিহ্নিত করিয়া দেওয়া যাইবেক।

---

১০ প্রকরণ।

সভ্যদিগের প্রত্যেকের বসিবার উপযুক্ত মত যে দুই প্রকার স্থান থাকিবেক, তদনুসারে সেই২ স্থানে সকলে বসিবেন, তাহাতে অন্যমত হইতে পারিবেক না।

---

১১ প্রকরণ।

সভ্য ভিন্ন এতদ্দেশীয় বা ভিন্ন দেশীয় যাঁহারা এই কৌতুকাদি দর্শনে মানস করিবেন, তাঁহারদিগের বসিবার অতি উত্তম২ দুই স্থান থাকিবেক, অর্থাৎ হিন্দুদিগের এক স্থান, দ্বিতীয় স্থান অন্য২ জাতিদিগের নিমিত্ত, এবং যে দিবস যেমত কৌতুকাদি হইবেক, তাহার ব্যয়ানুকূল্য নিমিত্ত যে মূল্য নির্দ্ধার্য্য করা যাইবেক, অর্থাৎ কোন নির্দ্ধারিত মূল্যে টিকিট করিয়া বিক্রয় করা যাই

বেক, সেই মূল্য প্রদান করিলে অতি সমাদর পূর্ব্বক অনায়াসে উক্ত কৌতুকাদি দর্শন করিতে পারিবেন

---

১২ প্রকরণ।

এই নিত্যানন্দ সভায় এক্ষণে নিয়মিত সর্ব্বদাই এই ২ কৌতুকাদি হইবেক, অর্থাৎ কোন দিন অতি উত্তম প্রধানা নর্ত্তকা অর্থাৎ বাই ইহারদিগের নৃত্য গীতাদি হইবেক, এবং কোন দিন অতি উত্তম খ্যামটার নাচ হইবেক, এবং কোন দিন ভাল ভাঁড়্যার তামাসা হইবেক, (কিন্তু ইহা যদ্যপি পাওয়া যায়,) এবং অতি উত্তম সঙ্গতীয়া সহিত অতি উত্তম গায়ক, গান বাদ্যাদি করিবেক, কিন্তু এই সকল সম্প্রদায় সভ্যদিগের অথবা সম্পাদকের মতানুসারে সর্ব্বদাই পরিবর্ত্তন হইতে পারিবেক, ইত্যাদি ভিন্ন উপস্থিত মতে যাহা যখন ভাল পাওয়া যাইবেক, তাহা তৎক্ষণাৎ সভায় নিযুক্ত হইবেক।

---

১৩ প্রকরণ।

অন্যূন ২ মাসান্তর এক ২ বার কোন শনিবার রাত্রিতে অথবা কোন পার্ব্বণের রাত্রিতে অতি উত্তম রূপে হাপ আকড়ার দুই দলের গাহনা হইবেক।

---

১৪ প্রকরণ।

যে কোন সভ্য যে কোন ভাল কৌতুকাদি কারক অর্থাৎ কোন প্রকার তামাসা ওয়ালা, অথবা নর্ত্তকা ও

কাব্যাদি যাহা যখন পাইবেন, তাহা তিনি সভার সম্পাদকের নিকট পাঠাইলে তাহারদিগের গুণাগুণ বিশেষ রূপে বিবেচনা করিয়া তাঁহারদিগের ন্যায্য মূল্য দিয়া অবশ্য তাহা সভায় নিযুক্ত করিবেন।

---

১৫ প্রকরণ।

এই সভার ক্রমশঃ যেমত দিনে ২ শোভার বৃদ্ধি হইবেক, সেই প্রকার দিনে ২ কৌতুকাদির ও বৃদ্ধি হইবেক, অর্থাৎ ভাল পাঁচালির সম্প্রদায় এবং অতি উত্তম কাব্য ও নাটকাদি ঘটিত এবং পরমেশ্বরের গুণানুবাদ সম্বলিত ভদ্র সন্তান সকলের দ্বারা যাত্রাদি হইবেক, এবং কৃত্রিম বিদ্যুত ও বজ্রাদির কৌতুক যেমত প্রকার চৌরঙ্গীর থিয়েটরে হইয়া থাকে, কিন্তু এ সকল কৌতুকাদি এক্ষণে আমার দিগের মনে জাগুকাবস্থায় রহিল যদ্যপি পরমেশ্বরের ইচ্ছায় তাহাহইতে উত্তম করণে সমর্থ হই তবেই স্বার্থক, কিন্তু উদযোগ আর যত্নের দ্বারা সিদ্ধি না হইতে পারে এমত কোন কর্ম্মই নাই।

---

১৬ প্রকরণ।

এই নিত্যানন্দ সভার কোন সভ্য যদ্যপি স্বয়ং কোন কৌতুকাদি প্রদর্শন করাইতে মানস করেন তবে তিনি সাধারণের যে নেপথ্য অর্থাৎ সাজঘর থাকিবেক, তথায় গমন করিয়া সম্পাদককে জানাইয়া আনায়াসে কৌতুকাদি করিতে পারিবেন, তাহাতে কোন আপত্তি নাই, বরং

এবম্প্রকার হইলে সকলের উৎসাহের অত্যন্ত বৃদ্ধি হইবেক, কিন্তু সাধারণের আমোদের স্থানে এবম্প্রকার কৌতুকাদি করাতে কোন হানি বা লজ্জা নাই, যেহেতুক দেখ চৌরঙ্গীর থিয়েটরে অতি মান্য বড় ২ ইংরাজ লোক সকলে নিজের ব্যয়ে নানা প্রকার উত্তম ২ সজ্জাদি প্রস্তুত করিয়া উক্ত কৌতুকালয়ে অক্ষোভে প্রফুল্ল মানসে সকলে কৌতুকাদি করিয়া থাকেন, অতএব ইহাতে কোন লজ্জা বা ক্ষতি এমত কিছুই নাই, তবে বোধ করি প্রথম২ আমারদিগের দেশস্থ সকলের ইহাতে কিঞ্চিৎ লজ্জা বোধ হইবেক, এবং সম্যক্প্রকারে উৎসাহ বিশিষ্ট হইতে পারিবেন না, কিন্তু মনে করি ক্রমে২ ইহা হইলে হইতে পারিবেক।

---

১৭ প্রকরণ।

এই সভার নিয়মে ঐহিকের কৌতুকাদির বিষয়ে নানা প্রকার লেখা গেল, কিন্তু পারত্রিকের উপকারের বিষয়ে আমারদিগের যে প্রতিজ্ঞা রহিয়াছে তাহার কিছু মাত্র এ পর্য্যন্ত উল্লেখ করা যায় নাই, অতএব পরিশেষে এক্ষণে তাহার যৎকিঞ্চিৎ বৃত্তান্ত লিখিতেছি, যথা, কোন দিবস এই সভায় সভ্যদিগের মতানুসারে প্রথমতঃ কোন উত্তম গায়কের দ্বারা পরমেশ্বরের গুণানুবাদ সংকীর্ত্তন হইবেক, দ্বিতীয়, কোন দিবস উত্তম পণ্ডিত সুপাঠকের দ্বারা পুরাণাদি পাঠ হইবেক, তৃতীয়, কোন দিন উত্তম কথকের দ্বারা পুরাণাদি কথার প্রসঙ্গ হইবেক, চতুর্থ

কোন দিন পরমেশ্বরের গুণানুবাদ সম্বলিত যদ্যপি কোন উত্তম যাত্রার সম্প্রদায় পাওয়া যায় তবে কোন দিবস তাহাই হইবেক, পঞ্চম, এই সকল ভিন্ন এক বিষয় পারত্রিকের অতি শুভ দায়ক বিবেচনা করিয়া লিখিতেছি, তদ্বিশেষ, আমারদিগের এই কলিকাতা নগরে যত দলপতি মহাশয়রা আছেন, ইহাদিগের প্রত্যেকের নিকট কখন ২ এবম্প্রকার লিপি নিত্যানন্দ সভার সম্পাদক কর্তৃক প্রেরিতা হইবেক, এবং তাহাতে এই প্রকার লিখিত হইবেক, যথা, মহাশয় আপনার দলস্থ যে সকল কলিকাতার দলভুক্ত বিখ্যাত ব্রাহ্মণ পণ্ডিত আছেন, তাঁহারদিগরকে অনুগ্রহ করিয়া অমুক দিবসে এমত সময়ে আহ্বান করিয়া আমারদিগের এই নিত্যানন্দ সভায় পাঠাইবেন, তাহা হইলে পর তাঁহারা অনুগ্রহ পূর্ব্বক সমাগত হইয়া আমারদিগের সভা এবং সভ্যদিগকে আশির্ব্বাদ মঙ্গলাচরণ করিবেন, পরে সভার সঙ্গত্যানুসারে এবং নিয়মিত বিবেচনা মতে তাঁহারদিগের সম্মান রক্ষা করা যাইবেক, কিন্তু ইহাতে সুবর্ণ বনিক জাতীয় দলপতি মহাশয় দিগকে ও এই প্রকার রীত্যনুসারে লেখা যাইবেক, অতএব তাঁহারদিগের উপরের লিখিত মতে সম্মান রক্ষা করা যাইবেক, ইত্যাদি ভিন্ন আর ২ যে সকল পারত্রিকের বিষয় আমারদিগের অভিলাষ আছে, তাহা অতি সমৃদ্ধি ব্যাপার, অতএব সে সকল মনেই রহিল, এক্ষণে তাহা প্রকাশে প্রয়োজনাভাব, তবে পরমেশ্বর আমারদিগের মনোভিলাষ মত সভার উন্নতি এবং শ্রীবৃদ্ধি করিলে সে সকল বিষয় ক্রমে ২ বিশেষরূপে প্রচার করা যাইবেক।

১৮ প্রকরণ।

এক্ষণে এই যে সকল নিত্যানন্দ সভার ঐহিকের এবং পারত্রিকের যে সকল রীতি ও নিয়মাদি লিখিত হইল কিন্তু ইহা, পরিবর্ত্তন করিতে এবং কোন অভিনব রীতি বা নিয়মাদি সংস্থাপন করণে এই সভার সভ্য সকলের সম্পূর্ণ ক্ষমতা রহিল, অতএব এই সভার কোন সুনিয়ম অথবা দেশের উপকার করণোদ্যোগ কোন বিষয় ঘটিত কোন কথার প্রস্তাব করণে যদ্যাদি কোন সভ্য মহাশয়ের, অথবা অন্য যে কোন ব্যক্তির মানস হয়, তবে সেই ২ বৃত্তান্ত সকল সম্পাদককে পত্র লিখন দ্বারা জ্ঞাত করিবেন, কিন্তু এবম্প্রকার যে সকল বিষয় এই নিত্যানন্দ সভায় উপস্থিত হইবেক, তাহা বঙ্গ ভাষায় লিখন পঠনাদি হইবেক।

---

১৯ প্রকরণ।

ঐ উপরের লিখিত ১৮ অষ্টাদশ প্রকরণে যে কএক বিষয় লিখিত হইয়াছে, অর্থাৎ কোন নিয়মাদি পরিবর্ত্তন এবং কোন অভিনব নিয়মাদি সংস্থাপন, অথবা দেশের কোন উপকার করণার্থে উদযোগাদি, কিন্তু এই সকল বিষয় বিবেচনার নিমিত্তে এই নিত্যানন্দ সভার সভ্য প্রথম শ্রেণীর ১২ বারো জন এবং দ্বিতীয় শ্রেণীর ১২ বারো জন এই ২৪ চব্বিশ জন বিবেচনাদি বিষয়ে কর্ত্তা অর্থাৎ ডাইরেক্টর স্বরূপ নিযুক্ত হইবেন, কিন্তু ইহার পরিবর্ত্তন এক মাসান্তে হইবেক, এবং ইহার নিযুক্তের নিয়ম প্রথমতঃ এই প্রকার এক্ষনে আমরা বিবেচনা করিলাম, অর্থাৎ যেমত লাটা

অর্থাৎ সৃষ্টি খেলা হইয়া থাকে, ইহাও সেই প্রকারে সক লের সম্মুখে হইবেক, অর্থাৎ আমারদিগের সভার সভ্যগণের যত নম্বর অর্থাৎ সংখ্যা হইবেক, সেই সকল নম্বর প্রথম শ্রেণীর এক দিকে, এবং দ্বিতীয় শ্রেণীর অন্য এক দিকে রাখিয়া তাহা হইতে ১২ বারো খানি করিয়া তুলিয়া লওয়া যাইবেক তাহাতে যে২ নম্বর উঠিবেক সেই২ নম্বর ধারক উক্ত ডাইরেকটরের কর্ম্মে নিযুক্ত হইবেন, তাহা সংবাদ পত্রে প্রকাশ পাইবে, এবং তাহার বিশেষ সম্মান সূচক স্থান, অথবা কোন খোদিত বস্তু তাহাতে নিত্যা নন্দ সভার ডাইরেকটর এই প্রকার দেওয়া যাইবেক, পরে কোন বিষয়ের বিবেচনা করণোপস্থিত হইলে সম্পা দক বিশেষ যত্ন পূর্ব্বক দিবস এবং সময় নির্দ্দিষ্ট করিয়া তাঁহারদিগেরকে আহ্বান করিবেন কিন্তু বিবেচনার পক্ষে যে পক্ষ লোক সংখ্যা অধিক হইবে, সেই পক্ষের মত অবশ্যই বলবান জ্ঞান করিতে হইবেক।

---

২০ প্রকরণ।

এই নিত্যানন্দ সভায় যে সকল লোক কর্ম্মাদি সমাধার নিমিত্ত নিযুক্ত করিতে হইবেক, অথবা উক্ত যে কোন ব্যক্তিকে ছাড়াইতে হইবেক, এসকল বিষয়ের সম্পূর্ণ ক্ষমতা সম্পাদকের উপর থাকিল।

---

২১ প্রকরণ।

অথবা শেষ প্রকরণ যদ্যপি কোন দিবস অত্যন্ত দৈব দুর্য্যোগাদি হয়, কিম্বা কোন দেবযাত্রাদি প্রযুক্ত

এবং সম্পাদকের কোন বিশেষ কারণ বশতঃ, অথবা শারীরিক কোন ব্যামোহ প্রযুক্ত এই সভা স্থগিতা রাখিতে হয় কিম্বা সমূহ সভা দিগের এক মতে কোন বিশেষ কারণ বশতঃ কোন দিবস সভা স্থগিতা রাখিতে হয় তবে তাহার বিশেষ বৃত্তান্ত উল্লেখ করিয়া কোন প্রকাশমান সংবাদ পত্রে প্রকাশ দ্বারা অথবা কোন লিপ্যাদি দ্বারা সকলকে জ্ঞাত করা যাইবেক, পরিশেষে সকল মহাশয়দিগের সমীপে আমরা অতি বিনয় পূর্ব্বক নিবেদন করিতেছি,যে২ মহাশয় আমারদিগের এই সকল লিখিত নিয়মাদিতে যদ্যপি সম্যক প্রকারে বদ্ধ না হইতে পারেন অথবা মনে২ যে২ মহাশয় এসকল নিয়মাদি তুচ্ছ জ্ঞান করিবেন অতএব উচিত সেই সকল মহাশয়রা কিঞ্চিৎ বিবেচনা করিয়া আমার দিগের এ নিত্যানন্দ সভায় সভা হইলে ভাল হয় কিমধিক সমাপ্ত মিতি

নিত্যানন্দ সভার সম্পাদক শ্রীচৈতন্য চরণ অধিকারী
নিবাস বহুবাজার।

নিত্যানন্দ সভার কর্ম্মনির্ব্বাহকস্য

শ্রীনীলমণি মতিলাল
শ্রীগোবিন্দ চন্দ্র মতিলাল
শ্রীরাম নারায়ণ মতিলাল
শ্রীনীলকমল বন্দ্যোপাধ্যায়
শ্রীরাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়
শ্রীরামনৃসিংহ মুখোপাধ্যায়
শ্রীরামরত্ন মুখোপাধ্যায়
শ্রীমধুসূদন মুখোপাধ্যায়
শ্রীনবীন চন্দ্র মুখোপাধ্যায়
শ্রীঈশানচন্দ্র মুখোপাধ্যায়
শ্রীজগতচন্দ্র মুখোপাধ্যায়
শ্রীরামচন্দ্র বন্দ্যোপাধ্যায়
শ্রীরাধাকান্ত মুখোপাধ্যায়
শ্রীনবীনচন্দ্র মুখোপাধ্যায়
শ্রীগৌরমোহন মুখোপাধ্যায়
শ্রীব্রজমোহন সিংহ
শ্রীরাজমোহন সিংহ
শ্রীনীলমণি সরকার
শ্রীনীলমণি সেন
শ্রীজগবন্ধু সেন
শ্রীঅদ্বৈত চরণ বড়াল
শ্রীগোপীমোহন বড়াল
শ্রীশম্ভুচন্দ্র ধর
শ্রীকৃষ্ণদয়াল ধর
শ্রীহরিদয়াল ধর
শ্রীহরেকৃষ্ণ ধর
শ্রীলোকনাথ ধর
শ্রীরামচাঁদ দত্ত
শ্রীনকড়চন্দ্র মল্লিক
শ্রীস্বরূপচন্দ্র শিল
শ্রীদিগাম্বর দে
শ্রীকাশীনাথ দত্ত
শ্রীবিশ্বনাথ দত্ত
শ্রীগোবিন্দচন্দ্র লাহা
শ্রীনন্দকিশোর মল্লিক
শ্রীগোলকচন্দ্র দে
শ্রীপার্ব্বতী চরণ দে
শ্রীশিবচন্দ্র দে
শ্রীদীনবন্ধু দে
শ্রীমতিলাল দে
শ্রীজগন্মোহন দে
শ্রীমধুসূদন সেন
শ্রীশিবচন্দ্র দাস
শ্রীদয়ালচাঁদ দে
শ্রীবৈদ্যনাথ নন্দী
শ্রীরামচাঁদ সেন
শ্রীউদয়চাঁদ আড্য
শ্রীসূর্য্যকুমার সেন

সর্ব্বনিবাস বহুবাজার